যুগান্তর

তারিখ 22 FEB 2015
পৃষ্ঠা ১৩ কলাম ৩

এসএসসি ও সমমান

আজকের পরীক্ষা ২৮ ফেব্রুয়ারি মঙ্গলবারেরটা ৬ মার্চ

যুগান্তর রিপোর্ট

আজকের এসএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২৮ ফেব্রুয়ারি নেয়া হবে। আর মঙ্গলবারের পরীক্ষাটি হবে আগামী ৬ মার্চ। বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের ৭২ ঘণ্টার হরতালের কারণে পরীক্ষার সময়সূচিতে এ পরিবর্তন আনা হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

এ উপলক্ষে শনিবার দুপুরে হেয়ার রোডের বাসভবনে এক জরুরি সংবাদ সম্মেলনের আয়োজন করেন শিক্ষামন্ত্রী। এতে তিনি জানান, 'শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে পরীক্ষাগুলো পিছিয়ে দেয়া হয়েছে। আশা করছি কারও না কারও বোধোদয় হবে। কারণ যে কর্মসূচি চলছে তা অমানবিক, পাশবিক, শিক্ষাবিরোধী ও জাতিবিরোধী। এ অবস্থার মধ্যে পরীক্ষা নিয়ে আমরা শিক্ষার্থীদের ঝুঁকির মধ্যে ঠেলে দিতে পারি না।' আজ এসএসসিতে রসায়ন, নতুন সিলেবাসে পৌরনীতি ও

পরীক্ষা : পৃষ্ঠা ১৯ : কলাম ৫

পরীক্ষা : ২৮ ফেব্রুয়ারি

(শেষ পৃষ্ঠার পর)

নাগরিকতা, পুরান সিলেবাসে পৌরনীতি, ব্যবসায় উদ্যোগ, দাখিলে সাধারণ গণিত, এসএসসি ও দাখিল ভোকেশনালে আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ (১৯২৮, ৮১২৮) বিষয়ের পরীক্ষা নির্ধারিত ছিল। আর মঙ্গলবার নেয়ার কথা ছিল এসএসসিতে ভূগোল ও পরিবেশ/ভূগোল, বাণিজ্যিক ভূগোল; দাখিলে অনিয়মিত পরীক্ষার্থীদের বাংলা, নিয়মিত শিক্ষার্থীদের জন্য বাংলা প্রথমপত্র, এসএসসি ও দাখিল ভোকেশনালে নতুন সিলেবাসে ট্রেড-১ (দ্বিতীয়পত্র) ও পুরনো সিলেবাসে ট্রেড-১ (দ্বিতীয়পত্র) বিষয়ের পরীক্ষা।

এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় ১৪ লাখ ৭৯ হাজার ২৬৬ শিক্ষার্থী রয়েছে। এসব পরীক্ষার্থী হরতালের কারণে গোড়া থেকেই বাধাপ্রাপ্ত হচ্ছে। পরীক্ষার সময়সূচি লণ্ডভণ্ড হয়ে গেছে। গত ২ ফেব্রুয়ারি পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। কিন্তু ওইদিন থেকে বিরোধী জোট হরতাল ডাকে। শুধু তাই নয়, হরতালের কারণে নির্ধারিত কোনোদিনই পরীক্ষাই নেয়া সম্ভব হয়নি। এখন পর্যন্ত নির্ধারিত ২, ৪, ৮, ১০, ১২, ১৫, ১৮, ২২ এবং ২৪ ফেব্রুয়ারির পরীক্ষা স্থগিত করা হয়েছে। এর মধ্যে প্রথম চারদিনের পরীক্ষা দুই সপ্তাহে শুক্র-শনিবার করে চার ছুটির দিনে নেয়া হয়। বাড়তি ছুটির দিন না পাওয়ায় ১২ ফেব্রুয়ারির স্থগিত পরীক্ষার তারিখ এখনও ঘোষণা করা হয়নি। ১৫ ফেব্রুয়ারির পরীক্ষা ২০ ফেব্রুয়ারি নেয়া হয়। ১৮ ফেব্রুয়ারির পরীক্ষা ইতিপূর্বে আগামী ২৭ ফেব্রুয়ারি নেয়ার কথা ঘোষণা করা হয়েছে। এভাবে বার বার পরীক্ষা স্থগিত হওয়ায় চরম ক্ষুব্ধ শিক্ষামন্ত্রী। তিনি বলেন, 'আমরা খুবই মর্মাহত ও উদ্বিগ্ন। সমগ্র জাতি আজ আতঙ্কিত। আমাদের রাজনৈতিক নেতারা এমন একটি পরিস্থিতির মধ্যে ছেলে ছাত্রদের শিক্ষাজীবন সর্বনাশের দিকে ঠেলে দিচ্ছেন।' তিনি বারবারই পরীক্ষাকে হরতালের আওতামুক্ত রাখার দাবি জানাচ্ছেন।